



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
"কৃষি ভবন"

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

স্মারক নং : ১২.২৭১.০৩৫.০১.০২.১৪১.২০১০-৬৭৭

তারিখ : ২৫ অক্টোবর ২০১৮

বরাবর

- ১। মহাব্যবস্থাপক (পাট বীজ)
বিএডিসি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/কম্বো/সিডিপি ক্রপস)
বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি পরিচালক (বীজ/বীআমক)
বিএডিসি, ঢাকা।

বিষয় : ২০১৮-১৯ উৎপাদন বর্ষে সংশোধিত গমবীজ উৎপাদন কর্মসূচি।

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর এর দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে বিএডিসি খামার সমূহে গম বীজ উৎপাদনের নিমিত্ত মতামত ও পরামর্শ এবং ভিত্তি ও মানঘোষিত শ্রেণির বীজ উৎপাদন হ্রাস করে প্রত্যায়িত শ্রেণির বীজ উৎপাদন বৃদ্ধিকল্পে ২০১৮-১৯ বর্ষে সংস্থার বিভিন্ন বিভাগ/প্রকল্পের মাধ্যমে শ্রেণিভিত্তিক সংশোধিত গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো :


ক্রমিক নং	বিভাগ/প্রকল্পের নাম	বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)			
		ভিত্তি	প্রত্যায়িত	মানঘোষিত	মোট
১।	পাট বীজ বিভাগ	৩৩৮.০	০.০	০.০	৩৩৮.০
২।	খামার বিভাগ	২৮৫.০	০.০	০.০	২৮৫.০
৩।	আলু বীজ বিভাগ	২০.০	০.০	০.০	২০.০
৪।	কম্বো/সিডিপি/খামার বিভাগ	৪৩৫.৮	৩৭৮৯.৫	৩২৩৮.০	৭৪৬৩.৩
৫।	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	২৬০.০	২৪৯৫.০	২২৬৭.০	৫০২২.০
৬।	বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি	০.০	৮০০.০	১১০০.০	১৯০০.০
	মোট :	১৩৩৮.৮	৭০৮৪.৫	৬৬০৫.০	১৫০২৮.৩

- ২। পাট বীজ বিভাগ, খামার বিভাগ, কম্বো/সিডিপি/খামার বিভাগ, ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, আলু বীজ বিভাগ এবং বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি'র মাধ্যমে ২০১৮-১৯ বর্ষে শ্রেণি ও জাতভিত্তিক গমবীজ উৎপাদনের একীভূত বিভাজন সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-'ক')।
- ৩। স্ব-স্ব বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী খামার/জোনওয়ারি বীজ উৎপাদন কর্মসূচি জারি করবেন।
- ৪। চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে বীজ উৎপাদনের ক্ষেত্রে ১টি ক্ষিমে ১টি জাতের বীজ উৎপাদন করতে হবে।
- ৫। ক্ষিমভুক্ত জমিতে বীজ বপন নিশ্চিত করতে হবে। জাতের বিশুদ্ধতা রক্ষার জন্য পৃথকীকরণ দূরত্ব বজায় রাখতে হবে। এ বিষয়ে সদর দপ্তর হতে জারিকৃত কারিগরি নির্দেশাবলি এবং জাতীয় বীজ বোর্ডের মাঠমান ও বীজমান অর্জনের জন্য বীজ প্রযুক্তিগত সকল ধাপ অনুসরণ করতে হবে।
- ৬। বীজ উৎপাদন খামার বিভাগ গমবীজ ফসলের উৎপাদন কর্মসূচি প্রণয়নকালে জমির উপযোগিতা অনুযায়ী জাত নির্বাচন করবেন।
- ৭। ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির বীজ উৎপাদন কর্মসূচি যথাসময়ে বীজ প্রত্যয়ন এজেন্সী'কে অবহিত করে মাঠ পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সী হতে সময়মত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সংরক্ষণ এবং সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত ও সরবরাহ করতে হবে। কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী হবেন।

- ৮। ভিত্তি হতে ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত শ্রেণির গমবীজ উৎপাদনের জন্য বীপ্রস বিভাগ প্রয়োজনীয় ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির বীজ শোধন করে সরবরাহ করবে। সময়মত বীজ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে বীজ উৎপাদনকারী বিভাগ/প্রকল্পের কর্মকর্তাগণ বীজ সরবরাহ নিবেন।
- ৯। ভিত্তি বীজ উৎপাদনের জন্য প্রয়োজনীয় প্রজনন শ্রেণির বীজ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে যথাসময়ে তা প্রাপককে সরবরাহ নিশ্চিত করবেন।
- ১০। চুক্তিবদ্ধ চাষি পর্যায়ে বীজ বিতরণের পূর্বে বীজের বিশুদ্ধতা ও অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করে নিতে পরামর্শ দেয়া হল-যাতে বীজের মান সম্পর্কে কোন অভিযোগ পরবর্তীতে উত্থাপিত না হয়।
- ১১। স্ব-স্ব বিভাগ/প্রকল্প প্রধানগণ বীজ বিক্রয়লব্ধ অর্থ সময়মত ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা ও জমাকৃত টাকা স্থানান্তরের বিষয়টি মনিটরিং করবেন-যাতে আর্থিক অনিয়ম পরিলক্ষিত না হয়।
- ১২। ব্লক বীজ উৎপাদন রেজিস্টারে বীজ প্রত্যয়ন এজেন্সী'র প্রতিনিধির জন্য সংরক্ষিত কলামে পরিদর্শনকালীন তাদের মতামত ও স্বাক্ষর নিতে হবে।
- ১৩। মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর হতে ১০ অক্টোবর ২০১৮ তারিখের ৩৬০নম্বর স্মারকমূলে জারিকৃত গমবীজ উৎপাদন কর্মসূচি বাতিল করা হলো।

২০১৮-১৯ বর্ষে বিতরণের জন্য গম বীজের বিক্রয় মূল্য সংস্থা কর্তৃক নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে :

ক্রমিক নং	বীজের নাম	বীজের শ্রেণি	২০১৮-১৯ বর্ষের জন্য গম বীজের নির্ধারিত বিক্রয় মূল্য	
			ডিলার পর্যায়ে (টাকা/কেজি)	চাষি পর্যায়ে (টাকা/কেজি)
১	বারিগম-২৫, বারিগম-২৬, বারিগম-২৭, বারিগম-২৮, বারিগম-২৯, বারিগম-৩০, বারিগম-৩১, বারিগম-৩২, বারিগম-৩৩, বিনাগম-১, প্রদীপ ও অন্যান্য সকল জাত	ভিত্তি	৫১.০০	৬০.০০
		প্রত্যায়িত/মানঘোষিত	৪০.০০	৪৬.০০


২৪/১০/১৮
(মো: ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন : ৯৫৫২৩১৭


২৪.১০.১৮

স্মারক নং : ১২.২৭১.০৩৫.০১.০২.১৪১.২০১০- ৬৭৭(৩২)

তারিখ : ২৪ অক্টোবর ২০১৮

অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
- ২। যুগ্ম পরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, গাবতলী, মিরপুর, ঢাকা।
- ৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (কৃষি সমাচারে প্রোগ্রামটি প্রকাশের জন্য)।
- ৫। সহকারি প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি ভবন, ঢাকা (বিএডিসি'র ওয়েবসাইটে প্রোগ্রামটি উপস্থাপনের জন্য)।
- ৬। অফিস কপি।

